ট্রান্সপারেন্সি ইন্টারন্যাশনাল বাংলাদেশ
*দুর্নীতিবিরোধী সামাজিক আন্দোলন*

# সংবাদ বিজ্ঞপ্তি

<u>ঢাবি সাংবাদিকতা বিভাগ ও টিআইবি'র উদ্যোগে</u>

## দুর্নীতি বিষয়ক অনুসন্ধানী সাংবাদিকতা প্রশিক্ষণে অংশ নিলেন দুই বিভাগের ২৭ জন গণমাধ্যমকর্মী

**ঢাকা ও মানিকগঞ্জ, ৪ আগস্ট ২০১০, বুধবারঃ** খুলনা ও বরিশাল বিভাগের জন্য আয়োজিত দুর্নীতি বিষয়ক অনুসন্ধানী সাংবাদিকতা প্রশিক্ষণের সমাপনী অনুষ্ঠানে আজ মানিকগঞ্জের কইট্টায় প্রশিকার মানব সম্পদ উন্নয়ন কেন্দ্রে অনুষ্ঠিত হয়। ঢাকা বিশ্ববিদ্যালয়ের গণযোগাযোগ ও সাংবাদিকতা বিভাগ এবং ট্রান্সপারেন্সি ইন্টারন্যাশনাল বাংলাদেশ (টিআইবি) এর যৌথ উদ্যোগে চারদিনব্যাপী আয়োজিত এ প্রশিক্ষণে **১৩**টি জেলার প্রিন্ট ও ইলেক্ট্রনিক মিডিয়ার ২৭ জন সংবাদকর্মী অংশগ্রহণ করেন।

গত **১** আগস্ট থেকে শুরু হওয়া এ প্রশিক্ষণে বিশ্ববিদ্যালয়ের শিক্ষক, টিআইবি কর্মকর্তা এবং সংশ্লিষ্ট বিশেষজ্ঞগণ দুর্নীতি ও সুশাসন : টিআই ও টিআইবি, সাংবাদিকতার তিন মৌল বিষয়ঃ সততা, যথার্থতা ও পক্ষপাতহীনতা, দুর্নীতি প্রতিরোধ ও সুশাসন প্রতিষ্ঠায় অনুসন্ধানী সাংবাদিকতার ভূমিকা, অনুসন্ধানী সাংবাদিকতার ধাপ ও কৌশল, অনুসন্ধানী প্রতিবেদন রচনার কৌশল, বাংলাদেশের অনুসন্ধানের ক্ষেত্রসমূহ, অনুসন্ধানী রিপোর্টিংয়ের সাক্ষাতকার কৌশল, অনুসন্ধানী সাংবাদিকতাঃ আইন ও নৈতিকতা, অনুসন্ধানী সাংবাদিকতায় তথ্য অধিকার আইনের ব্যবহার ইত্যাদি বিষয়ে প্রশিক্ষণ প্রদান করেন।

আজ প্রশিক্ষণের শেষ দিনে প্রশিক্ষণার্থীদের মাঝে সনদ বিতরণ করা হয়। সমাপনী অনুষ্ঠানে বক্তব্য রাখেন টিআইবি'র নির্বাহী পরিচালক ড. ইফতেখারুজ্জামান এবং গণযোগাযোগ ও সাংবাদিকতা বিভাগের চেয়ারপারসন ড. গীতি আরা নাসরিন। এছাড়া উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের সহযোগী অধ্যাপক রোবায়েত ফেরদৌস, সহকারি অধ্যাপক ড. সুধাংশু শেখর রয়, আফরোজা বুলবুল, প্রভাষক সাইফুল হক এবং টিআইবি'র কর্মকর্তাবৃন্দ।

উল্লেখ্য, অনুসন্ধানী সাংবাদিকতায় পেশাদারী উৎকর্ষ সাধন ও দুর্নীতি বিষয়ে গণমাধ্যম কর্মীদের প্রতিবেদন রচনায় উৎসাহিত করা এবং দক্ষতা বাড়ানোর লক্ষ্যে এ প্রশিক্ষণ কর্মসূচি পর্যায়ক্রমে দেশের সবক'টি বিভাগের সংবাদ কর্মীর জন্য আয়োজন করা হয়েছে। ইতোমধ্যে চট্টগ্রাম ও রাজশাহী বিভাগের এ প্রশিক্ষণ আয়োজিত হয়েছে।

গণমাধ্যম যোগাযোগঃ

**রিজওয়ান - উল - আলম**
পরিচালক - আউটরিচ এন্ড কমিউনিকেশন
মোবাইলঃ ০১৭১৩ ০৬৫০১২
rezwan@ti-bangladesh.org